

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৯৮(আগরতলা, ৭।৩)

খোয়াই, ৭ মার্চ, ২০১৯

খোয়াইয়ে নির্বাচনে যুক্ত সেক্টর অফিসারদের প্রশিক্ষণ

খোয়াই জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে জেলার ২৪-রামচন্দ্রঘাট (এসটি), ২৫-খোয়াই, ২৬-আশারামবাড়ি(এসটি), ২৭-কল্যাণপুর-প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া (এসসি) ও ২৯-কৃষ্ণপুর (এসটি) নির্বাচন ক্ষেত্রের সেক্টর অফিসারদের নিয়ে আজ একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবিরে জেলাশাসক পঙ্কজ চক্রবর্তী নির্বাচন কমিশনের বিধি এবং গাইডলাইন অনুযায়ী সেক্টর অফিসারদের দায়িত্ব কর্তব্য সহ নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। প্রশিক্ষণ শিবিরে অতিরিক্ত জেলাশাসক রাজীব দত্ত, জেলা নির্বাচন আধিকারিক কার্যালয়ের আধিকারিক বিধানচন্দ্র রায়সহ অন্যান্য কর্মকর্তাগণ নির্বাচনের সঙ্গে যুক্ত অফিসারদের দায়িত্ব, মাইক্রো অবজারভার, ওয়েব কাস্টিং, পোলিং স্টেশন সম্পর্কিত সঠিক ধারণা এবং নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের ভিডিও প্রজেক্টরের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণে মোট ৪২জন সেক্টর অফিসার অংশগ্রহণ করেন।
